



-ঃ নিয়োগ বিজ্ঞপ্তি :-

ঢাকা বিশ্ববিদ্যালয় ঃ- বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিম্নলিখিত অফিসের শূন্য পদগুলির নামের পার্শ্ব-উল্লেখিত বেতন স্কেল, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে লোক নিয়োগের জন্য আগ্রহী বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে ঃ-

১। উপাচার্যের অফিস

উচ্চমান সহকারী-কাম-মুদ্রাকরিক টাঃ- ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১ (এক) টি	প্রার্থীকে সকল পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণি/সমমানের গ্রেডে স্নাতক/স্নাতকোত্তর পাশ হইতে হইবে এবং অফিসের কাজে ২(দুই) বৎসরের অভিজ্ঞতাসহ কম্পিউটারে প্রশিক্ষণপ্রাপ্ত হইতে হইবে। শিক্ষা জীবনে কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়।
---	-----------	---

২। স্যার এ.এফ.রহমান হল

কেয়ারটেকার টাঃ- ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১ (এক) টি	প্রার্থীকে সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগসহ স্নাতক/সমমান পাশ হইতে হইবে। প্রার্থীকে কম্পিউটার অপারেটিং-এ প্রশিক্ষণ প্রাপ্ত হইতে হইবে। শিক্ষা জীবনে কোন ৩য় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়। তবে সংশ্লিষ্ট পদে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া যাইতে পারে।
--	-----------	--

৩। হিসাব পরিচালকের দপ্তর

জুনিয়র হিসাব সহকারী টাঃ- ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	২ (দুই) টি	প্রার্থীকে কমার্স গ্রাজুয়েট হইতে হইবে। শিক্ষা জীবনে কোন পর্যায়ে তৃতীয় বিভাগ গ্রহণযোগ্য হইবে না। কম্পিউটারে ইংরেজী/বাংলা টাইপ জানা আবশ্যিক।
---	------------	---

৪। প্রধান প্রকৌশলীর দপ্তর

ক) উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) টাঃ- ১২৫০০-৩০২৩০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১ (এক) টি	প্রার্থীকে এস.এস.সি পাশ এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ডিপ্লোমাদারী হইতে হইবে। প্রার্থীর ৪(চার) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। শিক্ষা জীবনে কোন তৃতীয় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়।
খ) হেড ম্যান টাঃ- ৯০০০-২১৮০০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১ (এক) টি	প্রার্থীকে এইচ.এস.সি পাশ হইতে হইবে। প্রার্থীকে সরকার অনুমোদিত কারিগরী ইনস্টিটিউট হইতে ১(এক) বৎসর মেয়াদী কনস্ট্রাকশন ট্রেডকোর্স পাশসহ সংশ্লিষ্ট কাজে ৩(তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। শিক্ষা জীবনে কোন তৃতীয় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়।

৫। ছাত্র-শিক্ষক কেন্দ্র

কেয়ারটেকার টাঃ- ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১ (এক) টি	প্রার্থীকে স্নাতক/সমমান পাশ হইতে হইবে। প্রার্থীর কম্পিউটার অপারেটিং-এ প্রশিক্ষণপ্রাপ্ত হইতে হইবে। শিক্ষা জীবনে কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়। অভিটোরিয়াম, বাগান, ডাইনিং হল রক্ষনাবেক্ষণ এবং সিকিউরিটি গার্ড ও পরিচ্ছন্নতা কর্মীদের কার্যাবলী সম্পর্কে ধারণা বিশেষ যোগ্যতা হিসাবে গণ্য হইবে।
--	-----------	--

আবেদনকারীদেরকে অবশ্যই আবেদনপত্রে তাহাদের শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট ও ডিগ্রী উল্লেখ করিতে হইবে। কোন তথ্য গোপন বা উল্লেখ না করিলে ভবিষ্যতে তাহাদের পরীক্ষা পাশের সার্টিফিকেট নথিতে সংযুক্ত করা হইবে না এবং বিধি অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হইবে। ইহাছাড়াও পদোন্নতি নীতিমালায় বর্ণিত পয়েন্ট সুবিধা প্রদান করা হইবে না।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়) এবং সকল পরীক্ষা পাশের সার্টিফিকেট ও প্রশংসা পত্রের সত্যায়িত প্রতিলিপিসহ সাদা কাগজে পূর্ণ জীবনবৃত্তান্ত উল্লেখপূর্বক রেজিস্ট্রারের বরাবর লিখিত দরখাস্ত আগামী ২৯-১২-২০১৬ তারিখের মধ্যে ক্রমিক-১ এর আবেদনপত্র উপাচার্যের অফিসে, ক্রমিক-২ এর আবেদনপত্র স্যার এ.এফ.রহমান হলের প্রভোস্ট-এর অফিসে, ক্রমিক-৩ এর আবেদনপত্র হিসাব পরিচালকের অফিসে, ক্রমিক-৪ এর আবেদনপত্র প্রধান প্রকৌশলী টাঃ বিঃ-এর অফিসে এবং ক্রমিক-৫ এর আবেদনপত্র ছাত্র-শিক্ষক কেন্দ্রের পরিচালক-এর অফিসে পৌছাইতে হইবে।

চাকুরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল করিতে হইবে।

স্বাক্ষর